

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৫০৩

২২/ কুরবানী (كتاب الأضاحى عن رسول الله)

পরিচ্ছেদঃ কোন পশুর কুরবানী জায়েয নয়

باب مَا لَا يَجُوزُ مِنَ الْأَضَاحِي

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عُبَيْدِ بْنِ فَيْرُوزَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، رَفَعَهُ قَالَ " لَا يُضَحَّى بِالْعَرَجَاءِ بَيْنَ ظَلْعُهَا وَلَا بِالْعَوْرَاءِ بَيْنَ عَوْرُهَا وَلَا بِالْمَرِيضَةِ بَيْنَ مَرَضُهَا وَلَا بِالْعَجْفَاءِ الَّتِي لَا تُنْقِي " .

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ، أَخْبَرَنَا شُعْبَةُ، عَنْ سُلَيْمَانَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عُبَيْدِ بْنِ فَيْرُوزَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَهُ بِمَعْنَاهُ . قَالَ أَبُو عَيْسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عُبَيْدِ بْنِ فَيْرُوزَ عَنِ الْبَرَاءِ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

১৫০৩। আলী ইবনু হুজর (রহঃ) ... বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু' হাদীস বর্ণিত আছে যে, তিনি বলেন, খোঁড়া পশু যার খোঁড়া হওয়া স্পষ্ট, কানা পশু যার অন্ধত্ব স্পষ্ট, রুগ্ন পশু যার রোগ স্পষ্ট, ক্ষীণ পশু যার হাড়ির মগজ পর্যন্ত শুকিয়ে গেছে-এমন জন্তুর কুরবানী হবে না। সহীহ, ইবনু মাজাহ ৩১৪৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫০৩ [আল মাদানী প্রকাশনী]

হান্নাদ (রহঃ) বারা রাদিয়াল্লাহু আনহু থেকে উক্ত মর্মে বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ। উবায়দা ইবনু ফায়রুয-বারা রাদিয়াল্লাহু আনহু সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা অবগত নই। আলিমদের এই হাদীস অনুসারে আমল রয়েছে।

English

Narrated Al-Bara' bin 'Azib:

A Marfu' narration (from the Prophet (ﷺ)), saying: "A crippled animal whose limp is obvious is not to be slaughtered as sacrifice, nor an animal with a bad eye whose blindness is obvious, nor a sick animal whose sickness is obvious, nor an emaciated animal that has no marrow (in its bones)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22012>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন